



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৪৩/৩(৫২৪)

তারিখ: ০১.০২.২০২৩ খ্রি.

বিষয়: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন হেতু HSP-MIS ডেটাবেইস আপডেট করণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে নিম্নবর্ণিত দুই কারণে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করতে দেখা যায়।

ক) নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী ৮ম শ্রেণি উত্তীর্ণ হয়ে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম শ্রেণিতে ভর্তি;
খ) উপবৃত্তি প্রাপ্ত বিভিন্ন শ্রেণির শিক্ষার্থী অন্য কোন কারণে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি।

২। বদলিকৃত শিক্ষার্থীর ক্ষেত্রে পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান আগামী ১৫.০২.২০২৩ তারিখের মধ্যে HSP-MIS এর মাধ্যমে সংযুক্ত নিয়মাবলী অনুযায়ী ট্রান্সফার সম্পন্ন করবেন।

৩। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান HSP-MIS এর ID/Password ভুলে গেলে বা অন্য কোন কারণে লগইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক) শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করার নিয়মাবলী;

খ) শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ফরম।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০২। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৩। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

০৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS এ “শিক্ষার্থীর প্রতিষ্ঠান পরিবর্তন” অপশন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উন্মুক্তকরণের অনুরোধসহ)।

০৭। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করার নিয়মাবলী:

- শিক্ষা প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে HSP-MIS এ লগইন করুন;
- ড্যাশ বোর্ডে “উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী” বাটনে ক্লিক করুন;
- “শিক্ষার্থীর প্রতিষ্ঠান পরিবর্তন” বাটনে ক্লিক করুন;
- ‘খুজুন’ বাটনে ক্লিক করুন;
- ‘কার্যক্রম’ কলামে ভিউ আইকনে ক্লিক করুন;
- “বদলিকৃত শিক্ষার্থীর তথ্য” ফরম পূরণ করুন;
- সঠিকভাবে বদলিকৃত/নতুন ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন;
- নির্বাচিত তথ্য শতভাগ সঠিক নিশ্চিত হয়ে ট্রান্সফার বাটনে ক্লিক করুন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন/বদলের ফরম
(উপকারভোগী শিক্ষার্থী শুধু মাত্র শিক্ষাবর্ষের শুরুতে প্রতিষ্ঠান বদল করতে পারবে)

- ১। জেলা-
- ২। উপজেলা-
- ৩। আবেদনকারীর জন্ম নিবন্ধন নং-
- ৪। আবেদনকারীর নাম-
- ৫। মাতার নাম -
- ৬। পিতার নাম-
- ৭। বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নাম-
- ৮। বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন নম্বর-
- ৯। আবেদনকারী শিক্ষার্থীর বর্তমান শ্রেণি-
- ১০। পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের নাম-
- ১১। পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন নম্বর-
- ১২। পূর্বে অধ্যয়নরত শ্রেণি-
- ১৩। বিগত ছয় মাসে প্রতিষ্ঠানের মোট কর্ম দিবস-
- ১৪। সাময়িক/বার্ষিক পরীক্ষার গড় নম্বর-

নিম্নের অংশ ৭ম থেকে ১০ ও ১২শ শ্রেণির উপকারভোগী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য

| শিক্ষাবর্ষ | বিগত ছয় মাসে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি দিনের সংখ্যা | সাময়িক/বার্ষিক পরীক্ষার গ্রেড/নম্বর | মন্তব্য |
|------------|--|--------------------------------------|---------|
| | | | |

নিম্নের অংশ শুধু মাত্র ১১শ শ্রেণির উপকারভোগী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য

| ১১শ শ্রেণির শিক্ষার্থীদের এসএসসি/দাখিল পরীক্ষার তথ্যাদি | | | |
|---|--------------------------------------|-------------------------------|-----------------------------------|
| এসএসসি/দাখিল পরীক্ষার রোল | এসএসসি/দাখিল পরীক্ষায় প্রাপ্ত গ্রেড | এসএসসি/দাখিল পরীক্ষা পাসের সন | এসএসসি/দাখিল পরীক্ষার বোর্ডের নাম |
| | | | |

পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ
মোবাইল/ফোন নম্বর ও প্রতিষ্ঠানের সিল

বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ
মোবাইল/ফোন নম্বর ও প্রতিষ্ঠানের সিল

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি যাচাই-বাছাই করে সত্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া গিয়েছে এবং উপরে বর্ণিত উপকারভোগী শিক্ষার্থীকে সালের জানুয়ারি-জুন/জুলাই-ডিসেম্বর কিস্তির উপবৃত্তির কোনো অর্থ বিতরণ করা হয়নি।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ
মোবাইল/ফোন নম্বর ও অফিসের সিল